

## কমান্ডার খলনা নেভাল এরিয়া জুন ২০১৮ এর কার্যক্রম

### স্কুল অব লজিস্টিকস এন্ড ম্যানেজমেন্ট

১। প্রাথমিক চিকিৎসার উপর আলোচনা। গত ০৬ জুন ২০১৮ তারিখে অত্র ঘাঁটিতে প্রাথমিক চিকিৎসার উপর আলোচনা অনুষ্ঠিত হয়। এ সময় দু'ঘটনাজনিত ফ্রাকচার এবং অগ্নিদগ্ধ অবস্থায় করণীয় সম্পর্কে আলোচনা করা হয়। এ সময় ঘাঁটির সকল শীপস্ কোম্পানি এবং অসামরিক ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।



প্রাথমিক চিকিৎসার উপর আলোচনা অনুষ্ঠানের একটি মূহূর্ত

২। শব-ই-কদর উপলক্ষে বিশেষ মোনাজাত। গত ১২ জুন ২০১৮ অত্র ঘাঁটিতে শব-ই-কদর উপলক্ষে বাদ এশা বিশেষ মোনাজাতের আয়োজন করা হয়। ঘাঁটির অধিনায়কসহ সকল কর্মকর্তা, নাবিক ও অসামরিক ব্যক্তিবর্গ উক্ত মোনাজাতে উপস্থিত ছিলেন।



শব-ই-কদর উপলক্ষে বিশেষ মোনাজাত

৩। ঈদ-উল-ফিতর উদযাপন। গত ১৬ জুন ২০১৮ অত্র ঘাঁটিতে পবিত্র ঈদ-উল- ফিতর উপলক্ষে ঘাঁটিস্থ বাস্কেটবল গ্রাউন্ডে সকাল ০৮০৫ ঘটিকায় নামাজ ও বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। ঘাঁটির অধিনায়কসহ সকল কর্মকর্তা, নাবিক ও অসামরিক ব্যক্তিবর্গ উক্ত নামাজ ও মোনাজাতে উপস্থিত ছিলেন। নামাজ শেষে ঘাঁটির অধিনায়ক সকলের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন।



ঈদ-উল-ফিতর উদযাপন

৪। সিও'স টক জুন ২০১৮। গত ২৮ জুন ২০১৮ অত্র ঘাঁটিতে সিও'স টক অনুষ্ঠিত হয়। উক্ত সিও'স টকে ঘাঁটির সকল কর্মকর্তা, নাবিক ও বেসামরিক কর্মকর্তা, কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত সিও'স টকে ঘাঁটির অধিনায়ক সকলের উদ্দেশ্যে শৃংখলা, ঘাঁটির নিরাপত্তার ব্যাপারে সচেতন থাকার পাশাপাশি ফেসবুক, ই-মেইল এবং ইন্টারনেট ব্যবহারে সতর্কতা অবলম্বনের পরামর্শ দেন। তিনি পারিবারিক বন্ধন সুদৃঢ় করণের বিষয়েও দিক নির্দেশনা প্রদান করেন তাছাড়া ঘাঁটির উন্নয়ন কর্মকান্ডে সকলের অংশগ্রহন এবং মতামত প্রদানের জন্য সুবিধাজনক স্থানে একটি মতামত/ অভিযোগ eKv<sup>৯</sup> স্থাপনের নির্দেশনা প্রদান করেন।



সিও'স টকের একটি মূহূর্ত

## বানৌজা উপশম

১। পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে কর্তৃক বানৌজা উপশমে ভর্তিরত রোগী পরিদর্শন। গত ১৬ জুন ২০১৮ পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে কমডোর সামসুল আলম, (জি), এনইউপি, এনডিইউ, পিএসসি, বিএন কমান্ডার খুলনা নেভাল এরিয়া বানৌজা উপশমে ভর্তিরত রোগীদের পরিদর্শন করেন এবং কুশলাদি বিনিময় করেন।



কমান্ডার খুলনা নেভাল এরিয়া বানৌজা উপশমে ভর্তিরত রোগীদের পরিদর্শন করেন এবং কুশলাদি বিনিময় করেন।